# [redacted]

[redacted]

শৈলকুপা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক অর্থি বলেন, ধারালো অস্ত্রের আঘাতে অতিরিক্ত রক্তক্ষরণের কারণে তার মৃত্যু হয়েছে।

শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, স্বতন্ত্র প্রার্থী ও নৌকার প্রার্থীর সমর্থকদের মধ্যে বিরোধের জেরে এ প্রাণহানির ঘটনা। ছুরিকাঘাতে যার মৃত্যু হয়েছে তিনি নৌকার চেয়ারম্যান প্রার্থী মাহমাদুল হাসান মামুনের সমর্থক। এ ঘটনায় আক্রমণকারীকে পুলিশ আটক করতে সক্ষম হয়েছে। এলাকায় উত্তেজনা বিরাজ করায় পরিস্থিতি শান্ত রাখতে পুলিশ মাঠে রয়েছে।

কোটচাঁদপুরে জমি দখল করার প্রতিবাদে সংবাদ সম্মেলন

কোটচাঁদপুরে বিরোধীয় জমির স্থাপনা ভেঙ্গে নিজ দখলে নেয়া, অন-লাইন এ্যাক্টিভিস্ট কে পিটিয়ে আহত করা ও থানায় মিথ্যা মামলা দায়েরের প্রতিবাদে সংবাদ সম্মেলন করেছেন জমি মালিক সাফা উদ্দিন।

শনিবার দুপুরে কোটচাঁদপুর উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে বলা হয়, গত ২৯ ডিসেম্বর সকালে হাসপাতাল পাড়ার তোয়াজ মন্ডল তার চাচাতো ভাই সাফা উদ্দিনের ভাড়া দেওয়া দোকান ঘর ভাঙ্গতে শুরু করেন। এসময় সাফা ঘটনাস্থলে উপস্থিত হয়ে ঘর ভাঙ্গতে বাধা দেন।

খবর পেয়ে স্থানীয় অন-লাইন এ্যাক্টিভিস্ট রমজান আলী ঘর ভাঙ্গার ছবি তুলতে গেলে তোয়াজ মন্ডলের ছেলে পারভেজ সহ তার লোকজন রমজান আলীকে পিটিয়ে আহত করে।

সংবাদ সম্মেলনে অভিযোগ করা হয়, স্থানীয় মডেল থানায় এ ঘটনায় মামলা দিলেও পুলিশ তা নেয়নি।

থানার ভারপ্রাপ্ত মঈন উদ্দিন জানান, যেহেতু আঘাতের চিহ্নটি ৩২৩

ধারা অতিক্রম করেনি, সে কারনে আমরা মামলা নেয়নি। তবে প্রাথমিক ভাবে জিডি নিয়ে আদালতে প্রসিকিউশন চাওয়া হয়েছে। আদালতের নির্দেশনা পেলে নিয়মিত মামলা হবে। সংবাদ সম্মেলনে সাফা উদ্দিন সহ ঘর ভাড়াটিয়া শুকেশ ও আহত রমজান আলী উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জাতীয় পার্টির প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও আনন্দ মিছিল

মেহেরপুরে জাতীয় পার্টির ৩৬ তম প্রতিষ্ঠাবার্ষিকী ২০২২ উপলক্ষে আলোচনা সভা আনন্দ মিছিলের আয়োজন করা হয়েছে।
গতকাল শনিবার বিকেল ৩ টার সময় জেলা জাতীয় পার্টির আয়োজনে বড় বাজার কাথলী বাসস্টান্ডে জেলা জাতীয় পার্টির প্রধান কার্যালয় প্রাঙ্গনে এ আলোচনা সভা ও আনন্দ মিছিলের আয়োজন করা হয়। মেহেরপুর জেলা জাতীয় পার্টির যুগ্ম আহ্বায়ক মোঃ সুমন পারভেজের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা জাতীয় পার্টির সদস্য সচিব আব্দুল হাদী। প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন, মেহেরপুর সদর পৌর জাতীয় পার্টির আহ্বায়ক মোঃ আব্দুল মান্নান।
এছাড়াও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা জাতীয় পার্টির সভাপতি মোঃ আরিফ বিল্লাহ, সদর উপজেলা জাতীয় পার্টির সাধারণ সম্পাদক আব্দুর রশিদ, মুজিবনগর উপজেলা জাতীয় পার্টির সাধারণ সম্পাদক মোঃ ফারুক মল্লিক, জাতীয় মহিলা পার্টির আহ্বায়ক মোছাঃ মনিরা ইয়াসমিন, যুগ্ন আহবায়ক মোছাঃ আসমা খাতুন, জেলা জাতীয় পার্টির সদস্য মোঃ নজরুল ইসলাম, মোঃ আনারুল ইসলাম, মোঃ ইকবাল হোসেন, সদর উপজেলা জাতীয় পার্টির সাংগঠনিক সম্পাদক মোঃ মিঠু আহাম্মেদ, জেলা যুব সংহতির আহবায়ক মোঃ মাহমুদুল হাসান, শ্যামপুর ইউনিয়ন জাতীয় পার্টির সভাপতি, মোঃ শরিফুল ইসলাম, কুতুবপুর ইউনিয়ন জাতীয় পার্টির সাধারণ সম্পাদক মোঃ তাহাজ উদ্দিন সহ প্রমুখ।

জীবননগরে শিক্ষক নজরুল ইসলাম মৃত্যু বরণ করেছেন

জীবননগরে সবার প্রিয় শিক্ষক নজরুল ইসলাম মৃত্যু বরণ করেছেন। গতকাল শনিবার বিকাল ৩টার সময় জীবননগর পৌর সভার ৬নং ওয়ার্ড নিজ বাসভবনে ইন্তেকাল করিয়াছেন ইন্না লিল্লাহ ওয়া ইন্না ইলাহি রাজিউন।

তিনি দৌলৎগঞ্জ মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক ছিলেন। মরহুমের নামাজের জানাযা গতকাল শনিবার রাত ৮টার সময় জীবননগর পৌর কেন্দ্রীয় ঈদগা ময়দানে অনুষ্ঠিত হয়। মরহুমের মৃত্যূতে শোক প্রকাশ করেছেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ আরিফুল ইসলাম, জীবননগর পৌর মেয়র রফিকুল ইসলাম, জীবননগর প্রেস ক্লাবের সভাপতি এম আর বাবু, জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি জাহিদ বাবু, জীবননগর বন্ধু ফাউন্ডেশনের সভাপতি সাংবাদিক মিঠুন মাহমুদ, সাংবাদিক মাজেদুল মিল্টন প্রমুখ।

গাংনী পাইলট স্কুল এন্ড কলেজকে দুর্নীতিমুক্ত করতে মানববন্ধন

ফিরিয়ে দাও,আমার গৌরবময় গাংনী হাইস্কুল। ঐতিহ্যবাহী গাংনী পাইলট স্কুল এন্ড কলেজকে দুর্নীতিমুক্ত, জাতীয়করণ, ও শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনতে সর্ব সাধারণের উপস্থিতিতে বিশাল মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার সকাল ১১ টার সময় গাংনী বাসষ্ট্যান্ড শহীদ রেজাউল চত্বরে স্থানীয় জনতা ও হাই স্কুল বাঁচাও আন্দোলন ফোরামের আয়োজনে মানববন্ধন অনুষ্ঠিত হয়।আন্দোলনের আহ্বায়ক ও

মুজিবনগর স্টার ক্লিনিক ও ডায়াগনষ্টিক সেন্টারে ভুল অস্ত্রোপচরে নবজাতকের মৃত্যুর অভিযোগ

মুজিবনগর স্টার ক্লিনিক ও ডায়াগনষ্টিক সেন্টারে চিকিৎসকের ভুল অস্ত্রোপচরে নবজাতকের মৃত্যুর অভিযোগ করেছে স্বজনরা। শুক্রবার দিবাগত রাত সাড়ে ১১ টার দিকে এ ঘটনা ঘটে। মৃত শিশুর স্বজন ও ক্লিনিক সূত্রে জানা গেছে, গতরাত সাড়ে ৯ টার দিকে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা থানার বোয়ালমারী গ্রামের ফকির পাড়ার সামাদুলের স্ত্রীর প্রসব বেদনা উঠলে মুজিবনগরে মুজিবনগর স্টার ক্লিনিকে নিয়ে আসে। রাত সাড়ে১১ টার দিকে ক্লিনিকের ডাক্তার রিচার্ড সরেন রোগীর সিজারিয়ান অপারেশন করেন।

এ সময় শিশুর অবস্থা খারাপ হওয়ায় শিশুটিকে বল্লভপুর মিশন হাসপাতালে রেফার্ড করেন। বল্লভপুর মিশন হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎক তাকে মৃত ঘোষনা করেন। এ ঘটনা নিয়ে গতকাল শনিবার সকালে মৃত শিশুর স্বজনরা ক্লিনিক অবরোধ করেন এবং ক্লিনিক মালিক ও চিকিৎকের বিচার দাবি করেন। রোগীর সাথে থাকা মৃত শিশুর নানী বলেন, আমার মেয়ে ৭ মাসের গর্ভবতী ছিল। গত শুক্রবার সাড়ে ৯ টার দিকে তার হালকা ব্যথা উঠলে আমরা ক্লিনিকে নিয়ে আসি। ভর্তিকরার পরে তাকে একটি স্যালাইন দেওয়া হয়। স্যালাইন দেওয়ার পরে তার আর কোনো ব্যথা ছিল না। পরে রাত সাড়ে ১১ টার দিকে ক্লিনিকের ডাক্তার রিচার্ড সরেন রোগীর আল্ট্রাসনো করে স্বজনদের কোন কিছু না জানিয়ে রোগীর সিজার করেন।

সিজার করার পরে বাচ্চা অসুস্থ হয়ে পড়ে। পরে বল্লভপুর হসপিটালে নিয়ে ইনকিউবেটরে রাখার জন্য বলেন, বল্লভপুর হসপিটালে নিয়ে যাওয়ার পরে সেখানকার ডাক্তার বাচ্চা মারা গেছে বলে জানান। তিনি বলেন আরো বলেন, ৭ দিন আগে মায়ের আল্টাসনো করা হয়েছে, সেখানে বাচ্চার কোন সমস্যা ছিল না। ডাক্তার কেন আমাদের না বলে সাত মাস বয়সেই

বাচ্চা সিজার করল। ঐ ডাক্তারের কারণে আমাদের বাচ্চা টি মারা গেছে। আমরা ডাক্তার এবং ক্লিনিক মালিকের বিচার চাই।

এ বিষয়ে ডাক্তার রিচার্ড সরেন বলেন, আলট্রাসনো করার পর দেখা যায় গর্ভবতী মা ও বাচ্চা অসুস্থ এবং পেটের ভিতর বাচ্চা উল্টো অবস্থায় আছে এবং কোন পানি নাই মা এবং বাচ্চা দুটো ঝুঁকির মধ্যে ছিল এজন্য ইমার্জেন্সি ভাবে রোগীর স্বজনদের সাথে আলাপ করে দ্রুত সিজার করা হয়। এসময় বাচ্চা অসুস্থ হওয়ায় তাকে দ্রুত বল্লভপুর হসপিটালে ইনকিউবেটরে রাখার জন্য পরামর্শ দেওয়া হয়। কিন্তু রোগীর স্বজনরা নিয়ে যেতে দেরী করার কারণে হয়তো বাচ্চা টি মারা গিয়েছে। তবে মা এর অবস্থা এখন ভালো অবস্থায় আছে।
এ বিষয়ে মুজিবনগর থানা ইনচার্জ (ওসি) মেহেদী রাসেল বলেন, বিষয়টি শুনেছি এবং সাথে সাথে একজন পুলিশ অফিসারসহ কয়েক জন পুলিশ সদস্য ওই ক্লিনিকে পাটিয়েছিলম। তবে কোন লিখিত অভিযোগ পায়নি। অভিযোগ পেলে তদন্ত সাপক্ষে আইনি ব্যবস্থা গ্রহন করা হবে।

দর্শনা ঈশ্বরচন্দ্রপুরের নৃহনবী আবারো ফেনসিডিলসহ গ্রেফতার

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৪ বোতল ভারতীয় ফেনসিডিলসহ ঈশ্বরচন্দ্রপুরের নৃহনবীকে গ্রেফতার করেছে।পুলিশ জানায় গতকাল শুক্রবার ৩১শে ডিসেম্বর রাত সাড়ে ৮ টার দিকে মাদক বিরোধী অভিযান চালায় দর্শনা পৌরসভার ঈশ্বরচন্দ্রপুর গ্রামের পাকা রাস্তার উপর।

দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবীরের নেতৃত্বে এস আই মাসুদ ও এ এস আই ইদ্রিস আলী গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ মাদক অস্ত্র ও জুয়া বিরোধী অভিযান চালায় ঈশ্বরচন্দ্রপুর গ্রামে। এ সময় পুলিশ ৫টি মাদক মামলার আসামী ঈশ্বরচন্দ্রপুর গ্রামের মাদক ব্যাবসায়ীর হোতা ইসমাইল হোসেনের ছেলে নুহনবী(৩৬) কে ৪ বোতল ফেনসিডিলসহ গ্রেফতার করে।তার

বিরুদ্ধে এ পযন্ত ৪ টি মাদক মামলা রয়েছে বলে জানান দর্শনা থানার ওসি তদন্ত সামসুজ্জোহা।

গতকালই তাকে ২০১৮ সালের মাদকদ্রব্য আইনে এস আই মাসুদ বাদী হয়ে মাদক আইনে মামলা দায়ের করেন।শনিবার তাকে চুয়াডাঙ্গা কোর্ট হাজতে ১ নং মামলার আসামী করে তাকে জেল হাজতে পাঠিয়েছে দর্শনা থানা পুলিশ।

ঝিনাইদহে জাতীয় পার্টির প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

ঝিনাইদহে বর্ণাঢ্য আয়োজনে জাতীয় পার্টির ৩৬ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে। দিনটি উপলক্ষে সংগঠনের জেলা শাখার উদ্যোগে শনিবার দুপুরে প্রেসক্লাব চত্বর থেকে একটি র্যালী বের করা হয়। পরে প্রেসক্লাব মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা জাতীয় পার্টির সিনিয়র যুগ্ম আহ্বায়ক জয়নাল আবেদীন’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি উপস্থিত ছিলেন, জাতীয় পার্টির জেলা শাখার আহ্বায়ক রাশেদ মাজমাদার। বিশেষ অতিথি হিসেবে ছিলেন সদস্য সচিব এমদাদুল ইসলাম বাচ্চু, যুগ্ম আহ্বায়ক তৌহিদুজ্জামন বাচ্চু, করিব উদ্দিন, ফিরোজ কবির, কালীগঞ্জ পৌর জাতীয় পার্টির আহ্বায়ক এনামুল হক সিদ্দিক, যুগ্ম আহ্বায়ক তৌহিদুল ইসলামসহ অন্যান্য নেতৃবৃন্দ।

বক্তারা, গণতন্ত্রের চর্চা ও সুষ্ঠু ধারার রাজনীতি করতে সকলকে জাতীয় পার্টির পতাকাতলে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান। পরে প্রয়াত রাষ্ট্রপতি হুসেইন মোহাম্মদ এরশাদের আত্মার মাগফেরাত কামনা ও বর্তমান চেয়ারম্যান জি এম কাদেরের সু-স্বাস্থ্য কামনা করে বিশেষ দোয়া করা হয়।

# [redacted]

[redacted]

অবৈধ কমিটি বাতিল না করে কালক্ষেপণ করতে থাকে।

গত ২৯ ডিসেম্বর হঠাৎ রাত্রিতে মাইকিং করা হয় যাচাই বাছাইয়ের জন্য। পরদিন জেলা প্রশাসকের কাছে আবেদন করি কমিটি বাতিলের জন্য তবুও কমিটি বাতিল না করে আজ ১ জানুয়ারি থেকে যাচাই বাছাই শুরু করা হয়েছে। অচিরেই এই অসৎ, অযোগ্য কমিটি বাতিল করে, সৎ ও যোগ্য কমিটি গঠন করে যাচাই-বাচাই করার আহবান জানান।

সংবাদ সম্মেলনে মুক্তিযোদ্ধা জিল্লুর রহমান, উমেদীন আলী, আনোয়ার হোসেন, হেকমত আলী, আবু শহিদ, আহাদ আলীসহ ৩০ জন মুক্তিযোদ্ধা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে ৫০ পিচ ইয়াবাসহ মাদক ব্যাবসায়ী আটক

মুজিবনগরে ৫০ পিচ ইয়াবাসহ সবুজ মিয়া(২৫) নামের এক মাদক ব্যাবসায়ীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।শনিবার দিবাগত রাত ১:৪৫ মিনিটের দিকে মুজিবনগর উপজেলার কোমরপুর গ্রামের খালপারা বাবুল শেখের বসত বাড়ির দক্ষিন পাশের খেলার মাঠ থেকে তাকে আটক করা হয়।
আটককৃত সবুজ মিয়া মুজিবনগর উপজেলার কোমরপুর গ্রামের রফিকুল ইসলামের ছেলে।
থানা সূত্রে জানা গেছে,সবুজ মিয়া ইয়াবা বিক্রির উদ্যেশে কোমরপুর খালপারা বাবুল শেখের বসত বাড়ির দক্ষিন পাশের খেলার মাঠে অবস্থান করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থানার এসআই বিপ্লব কুমার হালদার, এস আই সুবাস, এএআই নাজমুল সেখানে অভিযান চালায়। অভিযান চলাকালীন সময়ে সবুজকে দেখতে পেলে তার শরিল তল্লাশী করে তার কাছ থেকে ৫০ পিচ ইয়াবা উদ্ধার করা হয়।পরে তাকে আটক করে মুজিবনগর থানায় নিয়ে আসা হয়।
মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মেহেদি রাসেল বলেন, আটককৃত ব্যাক্তির নামে মাদক নিয়ন্ত্রন আইনে মামলা পক্রিয়াধীন চলছে।